সংবাদ

তারিখ ... 11 FEB 2005

# শিক্ষক স্বল্পতায় কোটালিপাড়া সরকারি কলেজে লেখাপড়া বিঘ্নিত

প্রতিনিধি, গোপালগঞ্জ

শিক্ষক সঙ্কটের কারণে কোটালিপাড়া শেখ লুৎফর রহমান আদর্শ সরকারি কলেজের ছাত্রছাত্রীদের লেখাপড়া বিঘ্নিত হচ্ছে। উপজেলার একমাত্র এই সরকারি কলেজটিতে ২৬টি শিক্ষকের পদ থাকলেও বর্তমানে শিক্ষক রয়েছেন ১৪ জন। বাকি ২টি পদই শূন্য রয়েছে। শিক্ষক স্বল্পতার কারণে অনেক ছাত্রছাত্রীই ক্লাসের সুযোগ থেকে বঞ্চিত হচ্ছে। কলেজে অনেক গুরুত্বপূর্ণ বিষয়েই কোন শিক্ষক নেই। বাণিজ্য বিভাগ, বাংলা, অঙ্ক ও পদার্থবিদ্যা বিষয়ে বর্তমানে কোন শিক্ষক নেই। শিক্ষার প্রয়োজনীয় সুযোগ না থাকায় এ কলেজ থেকে এবার ২৫০ ছাত্রছাত্রী এইচএসসি পরীক্ষা দিলেও পাস করেছে মাত্র ৭৭ জন। শুধু দর্শন বিভাগ ছাড়া অন্য কোন বিভাগে প্রয়োজনীয় শিক্ষক নেই। শিক্ষক স্বল্পতার কারণে কলেজে ছাত্রছাত্রী ভর্তি হ্রাস পেয়েছে। একাদশ শ্রেণীতে এ বছর ভর্তিকৃত শিক্ষার্থীর সংখ্যা মাত্র ৮২ জন। এ কলেজে সংস্কৃত, শর্টহ্যান্ড ও টাইপিংসহ বেশ ক'টি বিষয়ে কোন ছাত্র পড়ানো হয় না। অবিলম্বে কলেজটির শিক্ষক সঙ্কট দূর করে শিক্ষার মান উন্নয়নের দাবি জানিয়েছেন অভিভাবক মহল। এ ব্যাপারে কলেজের ভারপ্রাপ্ত অধ্যক্ষ মো. মুজিবর রহমানের সঙ্গে কথা হলে তিনি 'সংবাদ'কে জানান, আমার কর্মকালীন বার বার ঊর্ধ্বতন কর্তৃপক্ষের কাছে শিক্ষক চাওয়া হয়েছে; কিন্তু সুফল পাওয়া যায়নি।

○ গোপালগঞ্জ